

জিপিএ-৫ পেয়েও কাজিকত কলেজে ভর্তি হতে পারবে না অনেক শিক্ষার্থী

- ১০ শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৬২ হাজার ৩০৭ জন
- ভাল কলেজগুলোর আসন সংখ্যা ২০ হাজার

এবারও এসএসসি পরীক্ষায় সর্বোচ্চ ফলাফল জিপিএ-৫ পেয়ে কাজিকত কলেজগুলোতে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে অনেক মেধাধী শিক্ষার্থী। এ বছর রেকর্ড পরিমাণ ৬২ হাজার ৩০৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। সারাদেশের ভাল কলেজগুলোতে এত আসন নেই। রাজধানীর ১৫টি ভাল শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যা প্রায় ১৫ হাজার। সারাদেশ মিলিয়ে এই সংখ্যা

ভর্তির ক্ষেত্রে সংকট থেকেই যাবে। তবে গ্রামের কলেজগুলোকেও শিক্ষার্থী পেতে শিক্ষার মান উন্নত করতে হবে। অনেক জেলা শহরে এখন ভাল কলেজ গড়ে উঠেছে। তিনি আরো বলেন, ভাল ছাত্র মানেই ভাল শিক্ষা প্রতিষ্ঠান। কিন্তু এর জন্য ভাল শিক্ষকও প্রয়োজন। ভাল শিক্ষক গড়ে উঠলেই ভাল শিক্ষা প্রতিষ্ঠানের সংকট কমবে। তারপরও ছাত্র ভর্তি করার ক্ষেত্রে সীমাবদ্ধতা রয়েছে। বেশিসংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হলে কলেজে শিক্ষার পরিবেশ ঠিক থাকে না। তিনি বলেন, গত বছর মন্ত্রণালয় থেকে আমাদের বলা হয়েছিল কলেজের আসন সংখ্যা বাড়ানোর জন্য। মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী ১০০টি আসন বাড়াতে হয়েছিল। কিন্তু প্রতি বছর এভাবে আসন সংখ্যা বাড়ানো সম্ভব নয়।

বোর্ড	জিপিএ-৫	জিপিএ-৫	জিপিএ-৫	জিপিএ-৫	জিপিএ-৫	জিপিএ-৫
ঢাকা	১৯০৮৬	৪৯৩২১	৩৫৯৬২	৩৩০৭৭	২৬৬৩৭	১৪৮৭
রাজশাহী	৪৪৭৪	১৮৫৮০	১৪৫৯৭	১৩৭১৭	১৩৯০৮	১১৮১
কুমিল্লা	৪২০২	১৮৭৭৬	১৪৮০০	১৪২২১	১১৬৬২	৬০৫
যশোর	৪৭৬৭	১৮৪৪০	১৪৬১০	১৫৫৯৮	১৭১৯১	১৬৬৫
চট্টগ্রাম	৪৫৯২	১২০০৪	৮৮৮৩	৯৩৩৬	৮০৬০	৩২০
বরিশাল	১৬৮৮	৭৩৮১	৬২৩৭	৬৮৮২	৮৭৪৭	৮৯১
সিলেট	১৮৯৬	৫২২৯	৫১১৫	৬৮৭৯	৯৫৩৫	৭৮৯
দিনাজপুর	৫২৯২	১৫০১৩	১২০৮৭	১৩৪৪২	১৭০৬৯	২০১০
মোট	৪৫,৯৩৪	১,৪৪,৭৪৪	১,১২,২৯১	১,১৩,১৫২	১,১২,৮০৯	৮৯৪৮

৩ হাজার। এর মধ্যে রাজধানীসহ সারাদেশে 'এ' ক্যাটাগরির কলেজ আছে প্রায় ৪৫০টি। ঢাকা শহরের প্রায় দেড়শ কলেজের মধ্যে শীর্ষস্থানীয় কলেজ রয়েছে ১৩ থেকে ১৪টি। এসব প্রতিষ্ঠানে আসন সংখ্যা প্রায় ১৫ হাজার। কিন্তু এবার ঢাকা বোর্ডেই জিপিএ-৫ পেয়েছে ১৯ হাজার ৮৬ জন।

ভাল কলেজগুলোতে এমনিতেই ভর্তির চাপ থাকে। এবার রেকর্ড পরিমাণ জিপিএ-৫ প্রাপ্তির ফলে এই চাপ আরো বাড়বে। রাজধানীসহ বড় শহরের নামী-দামী কলেজগুলোতে এই সংকট প্রকট হবে।

এ এসঙ্গে নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেঞ্জামিন কস্তা সিএসসি ইত্তেফাককে বলেন, এটা ঠিক ভাল কলেজে মেধাধীদের

পড়তিতে এসএসসি পরীক্ষার ফলাফল মূল্যায়নের পর এবার রেকর্ডসংখ্যক ছাত্র-ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। তাই ভালো কলেজে ভর্তির সুযোগ এবার সোনার হরিণ। ১০টি শিক্ষাবোর্ডে জিপিএ-৫ প্রাপ্ত ৬২ হাজার ৩০৭ জন শিক্ষার্থীই নয়, জিপিএ-৪ থেকে জিপিএ-৫ পর্যন্ত পেয়েছে ২ লাখ ১৯ হাজার ৬৩৯ জন, জিপিএ-৩ দশমিক ৫ থেকে জিপিএ-৪ পর্যন্ত পেয়েছে আরো এক লাখ ৬৯ হাজার ৩ জন। সব মিলিয়ে প্রায় সাড়ে ৪ লাখ শিক্ষার্থীর জন্যও পর্যাপ্ত ভালো কলেজ নেই। তাই তাদেরও বাধা হয়ে অপেক্ষাকৃত নিম্নমানের কলেজে ভর্তি হতে হবে।

ব্যানবেইজ ও শিক্ষা মন্ত্রণালয়ের সর্ধশ্রুটি কর্মকর্তারা জানা ওধু 'এ' ক্যাটাগরির কলেজ হলো (১৯শ পৃঃ ৭-এর কঃ ৫)

জিপিএ-৫ পেয়েও

(২০শ পৃঃ পর)

সবাই সেখানে ভর্তি হতে চায় না। এর মধ্যেও আবার শীর্ষ কলেজগুলো খুঁজে সবাই। ভালো রেজাল্ট করা শিক্ষার্থীদের কাছে ভালো কলেজের তালিকায় রয়েছে হাতেগোনা কয়েকটি কলেজ। ঢাকা শহরের ১০৫টি কলেজের মধ্যে এ সংখ্যা ১৩ থেকে ১৪টির মধ্যে। এগুলো হচ্ছে : নটরডেম কলেজ, ঢাকা কলেজ, ভিকারুননিসা নূন কলেজ, রাউলক উত্তরা মডেল কলেজ, হনিক্রস কলেজ, সেন্ট যোসেফস্‌ স্কুল এন্ড কলেজ, সিটি কলেজ, কমার্স কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ, বিএফ শাহীন কলেজ, বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজ। নটরডেম কলেজে খোঁজ নিয়ে জানা গেছে, এই কলেজের আসন সংখ্যা রয়েছে প্রায় ২১০০। এর মধ্যে বিজ্ঞান শাখায় আসন রয়েছে ১১৫০টি, মানবিক শাখায় ৩৫০টি ও ব্যবসায় শিক্ষা শাখায় রয়েছে ৬০০টি আসন। ঢাকা বোর্ডের জিপিএ-৫ পাওয়া ১৯ হাজার ছাত্রের অধিকাংশের লক্ষ্য থাকবে নটরডেমের মতো ভালো কলেজে ভর্তি হওয়া। এভাবে ঢাকার বাইরে বিভাগীয় শহরগুলোতে ভালো মানের কলেজ রয়েছে হাতেগোনা কয়েকটি।